কালের কণ্ঠ

তারিখ 04 FEB 2016
পৃষ্ঠা 6 কলাম 2

# 'ভোকেশনাল টেক্সটাইল ইনস্টিটিউট হবে প্রতি জেলায়'

নিজস্ব প্রতিবেদক ▷

বস্ত্র ও পাট প্রতিমন্ত্রী মির্জা আজম এমপি বলেছেন, বস্ত্রশিল্পে দক্ষ জনবল তৈরিতে কাজ করছে সরকার। দেশের প্রতিটি বৃহৎ জেলায় একটি টেক্সটাইল কলেজ এবং প্রতিটি জেলায় একটি ভোকেশনাল টেক্সটাইল ইনস্টিটিউট নির্মাণ করার উদ্যোগ নেওয়া হয়েছে। গতকাল দুপুরে রাজধানীর বস্ত্র পরিদপ্তরের সম্মেলনকক্ষে বিজিএমইএ, বিকেএমইএ ও বিটিএমএর প্রতিনিধিদের সঙ্গে এক মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে প্রতিমন্ত্রী এ কথা বলেন।

প্রতিমন্ত্রী বলেন, বস্ত্র ও পোশাক খাতে দক্ষ জনবল সৃষ্টির প্রয়োজনে দেশে বিদ্যমান পাঁচটি টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, তিনটি টেক্সটাইল ইনস্টিটিউট এবং ৪০টি টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউটের মাধ্যমে ২০১৪ ও ২০১৫ সালে সর্বমোট ছয় হাজার ৪৭৬ জন শিক্ষার্থীকে সার্টিফিকেট প্রদান করা হয়েছে, যার মধ্যে ৪২৫ জনকে বিএসসি টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং ডিগ্রি, এক হাজার ৭৬ জনকে টেক্সটাইল ডিপ্লোমা এবং চা হাজার ৯৭৫ জনকে ভোকেশনাল সার্টিফিকেট প্রদান করা হয়েছে। এ ছাড়া বর্তমানে চারটি নতুন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, ছয়টি টেক্সটাইল ইনস্টিটিউট স্থাপনের কাজ চলমান। এই প্রকল্পগুলো বাস্তবায়িত হলে প্রতিবছর আরো ৯০০ জন শিক্ষার্থী বিভিন্ন কোর্সে অংশগ্রহণের সুযোগ পাবে।